Jhenaidah Ex-Cadets Association
an alumni organization of Jhenaidah Cadet College

# ঝিনাইদহ এক্স-ক্যাডেটস অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্র

**Jhenaidah Ex-Cadets Association**
*an alumni organization of Jhenidah Cadet College*

## সূচিপত্র


| অনুচ্ছেদ নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | **প্রথম অংশঃ সংগঠন** | |
| | প্রস্তাবনা | ০৩ |
| ০১ | সংগঠনের নাম | ০৩ |
| ০২ | সংগঠনের প্রকৃতি | ০৪ |
| ০৩ | সংগঠনের ঠিকানা | ০৪ |
| ০৪ | অধিক্ষেত্র | ০৪ |
| ০৫ | সংগঠনের মনোগ্রাম এবং পতাকা | ০৪ |
| ০৬ | সংগঠনের সনদ | ০৫ |
| | **দ্বিতীয় অংশঃ সদস্যপদ** | |
| ০৭ | সদস্যপদ | ০৬ |
| | **তৃতীয় অংশঃ সাংগঠনিক কাঠামো** | |
| ০৮ | জেক্সকা'র সাংগঠনিক কাঠামো | ০৯ |
| ০৯ | সাধারণ পরিষদ | ১০ |
| ১০ | নির্বাহী কমিটি | ১০ |
| ১১ | বিভিন্ন পদে নির্বাচিত সদস্যের কার্যাবলি | ১২ |
| ১২ | উপদেষ্টা পরিষদ | ১৬ |
| ১৩ | আঞ্চলিক কমিটিসমূহ | ১৮ |
| ১৪ | ইনটেক রিপ্রেজেন্টেটিভ কমিটি | ১৯ |
| | **চতুর্থ অংশঃ নির্বাচন** | |
| ১৫ | নির্বাহী কমিটির নির্বাচন | ১৯ |
| ১৬ | নির্বাচন কমিশন নিয়োগ | ২১ |
| | **পঞ্চম অংশঃ আর্থিক ব্যবস্থা** | |
| ১৭ | আর্থিক কার্যক্রমে নির্বাহী কমিটির দায়িত্ব | ২২ |
| ১৮ | ব্যাংক হিসাব ব্যবস্থাপনা | ২২ |
| ১৯ | নিরীক্ষা ও অনুবর্তিতা | ২৩ |




গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

| | | |
|---|---|---|
| ২০ | বার্ষিক বাজেট | ২২ |
| ২১ | বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন প্রকাশ | ২৩ |
| ২২ | নিয়মিত তহবিলের ব্যবস্থাপনা | ২৩ |
| ২৩ | স্থায়ী তহবিল (Endowment Fund) | ২৪ |
| ২৪ | সম্পদ ও সম্পত্তি ব্যবস্থাপনা | ২৫ |
| ২৫ | ট্রেজারারের আর্থিক দায়বদ্ধতা | ২৬ |

**ষষ্ঠ অংশঃ সভা**

| | | |
|---|---|---|
| ২৬ | সাধারণ সভা | ২৭ |
| ২৭ | নির্বাহী কমিটির সভা | ২৭ |
| ২৮ | অন্যান্য সভা | ২৮ |
| ২৯ | সভা পদ্ধতি | ২৮ |

**সপ্তম অংশঃ গঠনতন্ত্র সংশোধন**

| | | |
|---|---|---|
| ৩০ | সংশোধন পদ্ধতি | ২৮ |

**অষ্টম অংশঃ বিবিধ**

| | | |
|---|---|---|
| ৩১ | বিধি প্রণয়নের ক্ষমতা | ২৯ |
| ৩২ | প্রাক্তন ক্যাডেটদের পুনর্মিলনী | ২৯ |
| ৩৩ | সংগঠনের বিলুপ্তি | ২৯ |
| ৩৪ | দৈব দুর্বিপাক | ২৯ |
| ৩৫ | প্রামাণিক পাঠ | ২৯ |



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সা)

## ঝিনাইদহ এক্স-ক্যাডেটস অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্র

### প্রস্তাবনা

আমরা, ঝিনাইদহ ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেটবৃন্দ, ১৯৭০ সাল থেকেই পারস্পরিক সৌহার্দ্য, বন্ধুত্ব ও সহযোগিতার বন্ধন অটুট রেখে চলেছি। সেই ঐক্য ও আন্তরিকতার ধারাবাহিকতায় ১৯৭৩ সালের ৮ই অক্টোবর আমরা আনুষ্ঠানিকভাবে **"ঝিনাইদহ এক্স-ক্যাডেটস অ্যাসোসিয়েশন (JEXCA)"** নামে আমাদের এই প্রাক্তন ক্যাডেট সংগঠন প্রতিষ্ঠা করি। পরবর্তীতে, ১৯৭৮ সালের ২২শে এপ্রিল অনুষ্ঠিত সাধারণ সভায় আমরা নিজেদের **গঠনতন্ত্র প্রণয়ন ও গ্রহণ** করি।

আমাদের বিশ্বাস, দেশ ও জাতির সেবা করার যে মহৎ আদর্শ ঝিনাইদহ ক্যাডেট কলেজ আমাদের শিখিয়েছে, তা প্রতিটি প্রাক্তন ক্যাডেটের জীবনের অঙ্গীকার।

আমরা দৃঢ়ভাবে ঘোষণা করি যে, এই গঠনতন্ত্র আমাদের সম্মিলিত ইচ্ছার প্রতিফলন। একে অটুট রাখা, সুরক্ষা ও সংরক্ষণ করা এবং এর শ্রেষ্ঠত্ব ও মর্যাদা রক্ষা করা আমাদের নৈতিক ও পবিত্র দায়িত্ব—যাতে আমরা জাতীয় উন্নয়ন ও মানবতার কল্যাণে আমাদের সামাজিক ও সাংস্কৃতিক অবদান ও সহযোগিতা আরও সুসংহতভাবে রাখতে পারি।

সময়ের পরিক্রমায় উপলব্ধি করা হয়েছে যে, জেক্সকার গঠনতন্ত্রের (Constitution) সাথে সামঞ্জস্য রেখে আলাদা বিধিমালা (Rules) প্রনয়ণ করা প্রয়োজন। তাই, সরকারি নির্দেশনা ও প্রয়োজন অনুযায়ী এই নতুন জেক্সকা গঠনতন্ত্র গৃহীত হয়েছে, যা সাধারণ পরিষদকে সময়ে সময়ে প্রয়োজনে জেক্সকা বিধিমালা প্রণয়ন ও সংশোধনের ক্ষমতা প্রদান করে।

অতএব, আজ ১৫ নভেম্বর, ২০২৫ তারিখের এই সাধারণ সভায় উপস্থিত সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে আমরা এই গঠনতন্ত্র আনুষ্ঠানিকভাবে প্রণীত, গৃহীত ও অনুমোদিত ঘোষণা করছি।

### প্রথম অংশ: সংগঠন

**সংগঠনের নাম** ১. সংগঠনের দাপ্তরিক নাম হবে "ঝিনাইদহ এক্স-ক্যাডেটস অ্যাসোসিয়েশন (Jhenaidah Ex Cadets Association)," 'জেক্সকা' (JEXCA) শব্দটি এর সংক্ষিপ্ত রূপ হিসেবে ব্যবহৃত হবে এবং এর সদস্যদের 'জেক্সকাইট' (JEXCAite) বলা হবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**সংগঠনের প্রকৃতি** ২. ঝিনাইদহ ক্যাডেট কলেজের (এর পর থেকে জেসিসি নামে উল্লেখিত) প্রাক্তন ক্যাডেটদের নিয়ে জেক্সকা গঠিত হবে। এটি একটি অলাভজনক ও অরাজনৈতিক সামাজিক-সাংস্কৃতিক সংগঠন হবে। সংগঠনের নির্বাহী কমিটির সকল পদ হবে অবৈতনিক।

**সংগঠনের ঠিকানা** ৩. জেক্সকা-র প্রধান কার্যালয় ঢাকা বিভাগে অবস্থিত হবে। সংগঠনের নিয়মিত কার্যক্রম প্ল্যানার্স টাওয়ার, লেভেল-০৫, ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা-১০০০ হতে পরিচালিত হবে। এই সংগঠনের বাংলাদেশ ও বিদেশের বিভিন্ন স্থানে আঞ্চলিক দপ্তর থাকতে পারে। সাধারণ সভায় গৃহীত প্রস্তাবনার প্রেক্ষিতে প্রধান কার্যালয়ের ঠিকানা পরিবর্তন করা যেতে পারে।

**অধিক্ষেত্র** ৪. এই গঠনতন্ত্রের বিধানাবলী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ভূ-খণ্ডের সীমানায় প্রযোজ্য হবে।

**সংগঠনের মনোগ্রাম এবং পতাকা** ৫. (১) এই গঠনতন্ত্রের অধীনে প্রণীত বিধি অনুসারে জেক্সকা'র একটি মনোগ্রাম এবং একটি পতাকা থাকবে। ইসি জেক্সকা'র নাম ও মনোগ্রামের ট্রেডমার্ক নিবন্ধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(২) সংগঠনটির একটি মনোগ্রাম থাকবে যার বৈশিষ্ট্যসমূহ হবে নিম্নরূপঃ

(ক) এটি হবে বৃত্তাকারে।

(খ) বৃত্তের প্রান্তে "Jhenaidah Ex-Cadets Association" শব্দসমূহ লেখা থাকবে।

(গ) 'JEXCA' শব্দটি মনোগ্রামের অধিকাংশ অংশজুড়ে থাকা বড় হাতের 'J'-এর মাঝখানে ভূমির সাথে উল্লম্বভাবে স্থাপিত থাকবে।

(ঘ) বড় হাতের 'J'-এর শীর্ষে তিনটি পাতাসহ একটি ডাঁটি থাকবে, যা ঐক্য (UNITY), সততা (HONESTY) এবং আন্তরিকতা (SINCERITY) — এই তিন আদর্শকে প্রতিফলিত করবে।

অনুমোদিত
২৯/০৮/২৫
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

(৩) সংগঠনটির একটি পতাকা থাকবে যার বৈশিষ্ট্যসমূহ হবে নিম্নরূপঃ

(ক) এটি আয়তাকার হবে, যার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত হবে ৫:৩।

(খ) পতাকার কেন্দ্রে একটি বৃত্ত থাকবে, যার ব্যাসার্ধ হবে পতাকার প্রস্থের এক-তৃতীয়াংশ।

(গ) বৃত্তের কেন্দ্রে এবং পতাকার ভিত্তির সমান্তরালে 'JEXCA' অক্ষরগুলো খোদাই করা থাকবে। 'JEXCA' অক্ষরগুলো বৃত্তের সীমানা স্পর্শ করবে না বা অতিক্রম করবে না। অক্ষরগুলোর রূপ মনোগ্রামে ব্যবহৃত স্টাইলের অনুরূপ হবে।

(ঘ) বৃত্তটি গাঢ় সবুজ রঙের হবে এবং পতাকার বাকি অংশ সাদা রঙের হবে। 'JEXCA' অক্ষরগুলো উজ্জ্বল রূপালী রঙের হবে। গাঢ় সবুজ রঙটি বাংলাদেশের পতাকায় ব্যবহৃত রঙের অনুরূপ হবে।

**সংগঠনের সনদ** ৬. সংগঠনের সনদ নিম্নরূপ হবেঃ

(১) জেক্সকাইটদের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন রক্ষা করা ও বজায় রাখা।

(২) জেসিসির ঐতিহ্য, সম্মান এবং মর্যাদা বজায় রাখা।

(৩) জেসিসির স্বার্থ সর্বোত্তমরূপে সমুন্নত রাখা।

(৪) প্রয়োজনে উপযুক্ত ক্যারিয়ার খুঁজে পেতে জেক্সকাইটদের সহায়তা করা।

(৫) প্রয়োজনের সময় সংগঠনের সকল সদস্যকে সম্ভাব্য সহায়তা প্রদান করা।

(৬) সংগঠনের উদ্দেশ্যকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সাথে সহযোগিতা করা।

(৭) জেক্সকা'র সকল সদস্যের একটি রেকর্ড প্রস্তুত এবং রক্ষণাবেক্ষণ করা

(৮) জনহিতকর, সাহিত্যচর্চা এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা এবং প্রচার করা।

(৯) জেসিসি কর্তৃপক্ষ এবং এর বর্তমান ও প্রাক্তন কর্মকর্তা-কর্মচারী এবং ক্যাডেট কলেজগুলির পরিচালনা পর্ষদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রাখা।

অনুমোদিত
২৯/০৬
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

(১০) প্রাকৃতিক দুর্যোগ এবং দেশ বা আন্তর্জাতিক সম্প্রদায়ের জন্য মানবিক প্রয়োজনের সময়ে সর্বোচ্চ সামর্থ্য অনুযায়ী সমাজকে স্বেচ্ছাসেবী সেবা প্রদান করা।

## দ্বিতীয় অংশঃ সদস্যপদ

**সদস্যপদ**

৭. (১) ঝিনাইদহ ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেটদের নিয়ে জেক্সকা গঠিত হবে। তবে, 'সহযোগী সদস্য' এবং 'বিশেষ সদস্য' এই বিধানের ব্যতিক্রম হতে পারে। সদস্যপদে নিবন্ধনের পদ্ধতি জেক্সকা বিধি অনুসারে নির্ধারিত হবে।

**সদস্যদের যোগ্যতা**

(২) জেক্সকা'র সদস্য হওয়ার জন্য, উচ্চমাধ্যমিক-উত্তীর্ণ ইনটেকের একজন প্রাক্তন ক্যাডেটকে নিম্নলিখিত যে কোনো একটি মানদণ্ড পূরণ করতে হবে:

(ক) প্রাক্তন ক্যাডেট যারা কমপক্ষে দুই শিক্ষাবর্ষ ধরে জেসিসিতে অধ্যয়ন করেছেন।

খ) মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক এর মধ্যে, কমপক্ষে একটি বোর্ড পরীক্ষায় জেসিসির পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ প্রাক্তন ক্যাডেট।

**সদস্যদের শ্রেণীবিভাগ**

(৩) জেক্সকাতে নিম্নলিখিত শ্রেণীর সদস্য থাকবে:

**(ক) *সাধারণ সদস্য:***

ধারা ৭(২) এ বর্ণিত যোগ্যতার মানদণ্ড পূরণকারী জেসিসির যে কোন প্রাক্তন ক্যাডেট নির্ধারিত ফর্মে জেক্সকা নির্বাহী কমিটি (ইসি)'র কাছে সদস্যপদ ফি প্রদান সাপেক্ষে আবেদন করলে জেক্সকা'র সাধারণ সদস্য হওয়ার অধিকারী হবেন।

**(খ) *আজীবন সদস্য:***

একজন সাধারণ সদস্য আবেদন করলে এবং সময়ে সময়ে সাধারণ সভায় নির্ধারিত আজীবন সদস্য চাঁদা প্রদান করলে আজীবন সদস্য হতে পারবেন। একজন প্রাক্তন ক্যাডেটের আজীবন সদস্য হিসেবের অন্তর্ভুক্তি ইসি কর্তৃক অনুমোদিত হতে হবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

গ) *সহযোগী সদস্য:*

যে কোনো ব্যক্তি, যিনি ঝিনাইদহ ক্যাডেট কলেজে অন্তত তিন বছর শিক্ষক (প্রভাষক বা সমমানের এবং তদূর্ধ্ব) অথবা প্রশাসনিক কর্মী (অধ্যক্ষ, অ্যাডজুট্যান্ট, মেডিকেল অফিসার বা অন্য সমমানের পদ) হিসেবে কর্মরত ছিলেন বা আছেন, তিনি ইসি'র কাছে আবেদন করে 'সহযোগী সদস্য' হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন। সহযোগী সদস্যদের ক্ষেত্রে সাধারণ সদস্যপদ গ্রহণের একই প্রক্রিয়া অনুসরণ করতে হবে। তবে, যিনি সাধারণ সদস্য হওয়ার যোগ্য, তিনি সহযোগী সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

ঘ) *বিশেষ সদস্য* :

জেক্সকা'র একজন প্রয়াত সাধারণ বা আজীবন সদস্যের সহধর্মিনী সংগঠনের 'বিশেষ সদস্য' হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন। এজন্য তাঁকে ইসির কাছে বিশেষ সদস্যপদের জন্য আবেদন করতে হবে। বিশেষ সদস্যপদের ফি সাধারণ পরিষদের অনুমোদনক্রমে ইসি কর্তৃক নির্ধারিত হবে।

এই গঠনতন্ত্রে, পরবর্তীতে 'সদস্য' শব্দটি দ্বারা কেবলমাত্র সাধারণ সদস্য ও আজীবন সদস্যদের বোঝানো হবে।

**সদস্যদের ভোটাধিকার**

(৪) কেবলমাত্র সাধারণ সদস্য এবং আজীবন সদস্য, যারা সাধারণ বা আজীবন সদস্য পদে কমপক্ষে এক বছর অতিবাহিত করেছেন এবং যাদের আর্থিক পাওনা পূর্ববর্তী ক্যালেন্ডার বছরের জন্য পরিশোধিত, তারাই নির্বাহী কমিটির নির্বাচনের জন্য এবং/অথবা প্রয়োজন অনুসারে অন্য যে কোনো এজেন্ডায় ভোট দেওয়ার অধিকারী হবেন।

**সদস্যপদ বিলুপ্তি**

(৫) সদস্যের মৃত্যুর পর, যে কোনো শ্রেণীর সদস্যপদ স্থায়ীভাবে বিলুপ্ত হয়ে যাবে।

অনুমোদিত
২১/০৮/২২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**সদস্যপদ স্থগিতকরণ** (৬) আজীবন সদস্য ব্যতীত যদি কোনো সদস্য দুই ক্যালেন্ডার বছরের চাঁদা পরিশোধ করতে ব্যর্থ হন তবে সদস্যপদ স্থগিত করা হবে। বকেয়া ফি পরিশোধের পর সংশ্লিষ্টের সদস্যপদ পুনর্বহাল করা হবে।

**সদস্যদের পদত্যাগ** (৭) যে কোন সদস্য ইসি'র কাছে লিখিতভাবে আবেদনপূর্বক পদত্যাগ করতে পারেন। কমিটি কর্তৃক পদত্যাগপত্র অনুমোদনের তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে।

**সদস্যদের শৃঙ্খলা** (৮)(ক) জেক্সকা'র সকল সদস্যের প্রতি প্রত্যাশা করা হয় যে তারা ঝিনাইদহ ক্যাডেট কলেজের আদর্শ, মূল্যবোধ, ঐতিহ্য ও সম্মান অটুট রাখবেন এবং জেক্সকা'র ঐক্য, সম্প্রীতি ও উজ্জ্বল খ্যাতি সমুন্নত রাখার অনুকূল আচরণ প্রদর্শন করবেন।

এর ব্যত্যয় ঘটলে নিম্নলিখিত ক্ষেত্রে সদস্যের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :

(i) এই গঠনতন্ত্র এবং এর অধীনে প্রণীত বিধি, উপবিধি, অথবা জেক্সকা'র আচরণবিধি লঙ্ঘন।

(ii) এমন আচরণ যা সংগঠনের শান্তি, সম্প্রীতি বা স্থিতিশীলতা ব্যহত করে।

(iii) জনপরিসরে, সামাজিক অথবা ডিজিটাল প্ল্যাটফর্মে জেক্সকা'র ভাবমূর্তি, সুনাম বা স্বার্থ ক্ষুণ্ণ করে এমন যে কোনো কর্ম, শারীরিক বা মৌখিক অসদাচরণ বা অনৈতিক আচরণ।

(iv) পাওনা পরিশোধে বা বাধ্যবাধকতা পালনে ইচ্ছাকৃত ব্যর্থতা।

(খ) শাস্তিমূলক ব্যবস্থা জেক্সকা বিধি অনুসারে গ্রহণ করা হবে এবং নিম্নলিখিত এক বা একাধিক ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকতে পারে:

(i) সতর্কীকরণ বা/এবং তিরস্কার|

(ii) জেক্সকা সম্পত্তির ক্ষয়-ক্ষতির জন্য আর্থিক জরিমানা|

(iii) একটি নির্দিষ্ট সময়ের জন্য সদস্যপদ স্থগিতকরণ (একনাগাড়ে ১৮০ দিনের বেশি নয়)|

(iv) গুরুতর অসদাচরণ বা বারবার শৃঙখলা লঙ্ঘনের ক্ষেত্রে জেক্সকা থেকে বহিষ্কার।

(v) প্রয়োজনে প্রযোজ্য আইন অনুযায়ী আইনি ব্যবস্থা।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**বহিষ্কারের বিরুদ্ধে সদস্যের আপিল**

(৯) যদি কোন সদস্য ইসি কর্তৃক বহিষ্কারের কারণে সংক্ষুব্ধ হন, তাহলে তিনি উপদেষ্টা পরিষদের কাছে লিখিতভাবে আপিল করতে পারবেন। এই আপিল প্রাপ্তির তারিখ থেকে তিন মাসের মধ্যে উপদেষ্টা পরিষদ কর্তৃক নিষ্পত্তি করা হবে।

**সদস্যপদ এবং অন্যান্য ফি**

(১০) (ক) জেক্সকা'র সদস্যদের নির্ধারিত ফি প্রদান করা বাধ্যতামূলক। ফি'র পরিমাণ সদস্যপদের শ্রেণী অনুসারে পরিবর্তিত হতে পারে। ফি নিরীক্ষণ/পুনর্বিবেচনার অধিকার ইসি'র কাছে থাকবে, এবং কোনো পরিবর্তন প্রযোজ্য হলে তা সাধারণ সভার অনুমোদনের পর কার্যকর হবে।

(খ) সদস্যদের পুনর্মিলনী এবং অন্যান্য অনুষ্ঠানের ফি ইসি কর্তৃক নির্ধারিত হবে।

(গ) আর্থিক লেনদেন প্রক্রিয়া এই গঠনতন্ত্রের অধীনে প্রণীত বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

## তৃতীয় অংশঃ সাংগঠনিক কাঠামো

**জেক্সকা'র সাংগঠনিক কাঠামো**

৮. (১) জেক্সকা'র সাংগঠনিক কাঠামো হবে নিম্নরূপ:

(ক) সাধারণ পরিষদ
(খ) নির্বাহী কমিটি (EC)
(গ) উপদেষ্টা পরিষদ (AC)
(ঘ) আঞ্চলিক কমিটি (RC)
(ঙ) ইনটেক রিপ্রেজেন্টেটিভ (IR)

(২) উপরে উল্লিখিত অঙ্গসমূহ ছাড়াও, জেক্সকা'র সুষ্ঠু কার্যকারিতার জন্য ইসি দ্বারা প্রতিষ্ঠিত নিম্নলিখিত সহায়ক কমিটিসমূহ থাকতে পারে:

(ক) অ্যাড হক কমিটি
(খ) স্থায়ী কমিটি

**সাধারণ পরিষদ**

৯. (১) নীতিনির্ধারণী পরিষদ। সাধারণ পরিষদ হবে জেক্সকা'র সর্বোচ্চ সাধারণ সভায় উপস্থিত সদস্যরা সশরীরে অথবা ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গ্রহণ করবেন। সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ জেক্সকা'র অন্যান্য সকল পরিষদ, কমিটি ও অঙ্গসমূহের সিদ্ধান্তের উপর প্রাধান্য পাবে এবং চূড়ান্ত বলে গণ্য হবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ... নিবন্ধন ও নিয়ন্ত্রণ
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**গঠন ও সময়কাল**

(২) সাধারণ পরিষদ জেক্সকা'র একটি স্থায়ী ও সর্বজনীন অঙ্গ, যা সকল সাধারণ সদস্য এবং আজীবন সদস্যের সমন্বয়ে গঠিত। জেক্সকা'র সদস্যগণ, অনুচ্ছেদ ৭(৪) এর বিধান সাপেক্ষে, সাধারণ পরিষদে অনুষ্ঠিত নির্বাচন ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ভোট দেওয়ার অধিকার ভোগ করবেন।

**সাধারণ পরিষদের ক্ষমতা ও কার্যাবলি**

(৩) সাধারণ পরিষদের কার্যাবলি এবং সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি এই গঠনতন্ত্রের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হবে।

(৪) নির্বাহী কমিটির প্রেসিডেন্ট সাধারণ পরিষদের সকল সভায় সভাপতিত্ব করবেন।

**নির্বাহী কমিটি**

১০. (১) জেক্সকা'র ব্যবস্থাপনা ও প্রশাসনিক ক্ষমতা সাধারণ পরিষদের ভোটে নির্বাচিত একটি নির্বাহী কমিটি (ইসি)'র ওপর ন্যস্ত থাকবে।

অনুমোদিত
২৭/০৮
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**নির্বাহী কমিটির গঠন**

(২) নির্বাহী কমিটি নিম্নলিখিত নির্বাচিত সদস্যদের সমন্বয়ে গঠিত হবে:

| | |
|---|---|
| ক) প্রেসিডেন্ট | ০১ |
| খ) ভাইস প্রেসিডেন্ট | ০৩ |
| গ) জেনারেল সেক্রেটারি | ০১ |
| ঘ) ডেপুটি জেনারেল সেক্রেটারি | ০১ |
| ঙ) ট্রেজারার | ০১ |
| চ) অর্গানাইজিং সেক্রেটারি | ০১ |
| ছ) কালচারাল সেক্রেটারি | ০১ |
| জ) পাবলিকেশন ও কমিউনিকেশন সেক্রেটারি | ০১ |
| ঝ) ওয়েলফেয়ার সেক্রেটারি | ০১ |
| ঞ) ইনফরমেশন টেকনোলজি সেক্রেটারি | ০১ |
| ট) স্পোর্টস সেক্রেটারি | ০১ |
| ঠ) মনোনীত সদস্য | ০৮ |

**নির্বাহী কমিটির মেয়াদকাল**

(৪) ইসি তার কার্যভার গ্রহণের তারিখ থেকে অনধিক ০২ (দুই) বছরের জন্য দায়িত্ব পালন করবে।

**নির্বাহী কমিটির ক্ষমতা ও কার্যাবলি**

(৫) ইসি নিম্নলিখিত কার্যাবলি সম্পাদনের জন্য দায়িত্বশীল থাকবে:

(ক) জেক্সকা'র সামগ্রিক কার্যক্রম পরিচালনা করা।

(খ) সংগঠনের সকল তহবিল, সম্পত্তি, সম্পদ এবং দায় ব্যবস্থাপনা করা।

(গ) সংগঠনের আয় এবং ব্যয়ের হিসাব রাখা।

(ঘ) বার্ষিক বহিঃনিরীক্ষার ব্যবস্থা করা।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

(ঙ) সমাজকল্যাণমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা।

(চ) জেসিসি'র বর্তমান ও প্রাক্তন ক্যাডেট, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের জন্য কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করা।

(ছ) মেয়াদের মধ্যে প্রযোজ্য সম্মেলন, পুনর্মিলনী ইত্যাদি আয়োজন করা।

(জ) প্রাক্তন ক্যাডেট এবং তাদের পরিবারের মধ্যে ভ্রাতৃত্ব এবং ঐক্য জোরদার করার লক্ষ্যে সদস্যদের সামাজিক অনুষ্ঠান যেমন বার্ষিক পিকনিক, ইফতার, বিভিন্ন উপলক্ষে সম্মেলন এবং অন্যান্য অনুষ্ঠান আয়োজন করা।

(ঝ) সদস্যদের জন্য বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা।

(ঞ) জেক্সকা আঞ্চলিক কমিটির কার্যক্রম তদারকি করা।

(ট) এই গঠনতন্ত্রের অধীনে প্রণীত বিধিমালায় বর্ণিত অন্য যে কোন কার্য সম্পাদন করা।

**বিভিন্ন পদে নির্বাচিত সদস্যের কার্যাবলি**

১১. নির্বাহী কমিটির বিভিন্ন পদে নির্বাচিত সদস্যবৃন্দের কার্যাবলি হবে নিম্নরূপঃ

**প্রেসিডেন্ট**

(১) ইসি'র প্রেসিডেন্ট নিম্নলিখিত কার্যাবলি পরিচালনার জন্য দায়ী থাকবেনঃ

(ক) তিনি সাধারণ সভা ও নির্বাহী কমিটির সভাসমূহের সভাপতিত্ব করবেন।

(খ) তিনি সংগঠনের আনুষ্ঠানিক প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।

(গ) সকল সিদ্ধান্তের ক্ষেত্রে তিনি নিরপেক্ষ থাকবেন।

(ঘ) ইসির সিদ্ধান্ত গ্রহনের প্রক্রিয়ায় কোনো বিষয়ে মতভেদ দেখা দিলে এবং পক্ষে বিপক্ষে সমান সংখ্যক সদস্য মতামত দিলে, প্রেসিডেন্ট গঠনতন্ত্রের কাঠামোর মধ্যে থেকে তাঁর ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

(ঙ) তিনি গঠনতন্ত্র অনুযায়ী অফিস চালনার জন্য ইসি কর্তৃক অনুমোদন সাপেক্ষে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করতে পারবেন।

(চ) তিনি জেক্সকার গঠনতন্ত্রের প্রধান অভিভাবক হবেন এবং যথাসাধ্য গঠনতন্ত্র অনুযায়ী সংগঠনের সকল কার্যাবলি পরিচালনা করতে বাধ্য থাকবেন।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**ভাইস প্রেসিডেন্ট**

(২) ইসি'র ভাইস প্রেসিডেন্ট নিম্নলিখিত কার্যাবলি পরিচালনার জন্য দায়ী থাকবেনঃ

(ক) প্রেসিডেন্টের অনুপস্থিতিতে প্রথম ভাইস প্রেসিডেন্ট সাধারণ সভা ও নির্বাহী কমিটির সভাসমূহের সভাপতিত্ব করবেন। প্রথম ভাইস প্রেসিডেন্ট অনুপস্থিত থাকলে দ্বিতীয় ভাইস প্রেসিডেন্ট, এবং দ্বিতীয় ভাইস প্রেসিডেন্ট অনুপস্থিত থাকলে তৃতীয় ভাইস প্রেসিডেন্ট উক্ত দায়িত্ব পালন করবেন।

(খ) ভাইস প্রেসিডেন্ট উক্ত সভাসমূহের সভাপতিত্বকালে প্রেসিডেন্টের সকল অধিকার ও সুবিধা ভোগ করবেন।

(গ) ভাইস প্রেসিডেন্টের পদ থেকে পদত্যাগ করতে ইচ্ছুক হলে তাঁকে প্রেসিডেন্টের নিকট পদত্যাগপত্র দাখিল করতে হবে, এবং প্রেসিডেন্টের অনুমোদন প্রাপ্তির পর তা কার্যকর হবে।

(ঘ) প্রেসিডেন্টের নির্দেশনা অনুযায়ী তিনজন ভাইস প্রেসিডেন্টের জেক্সকার প্রধান কার্যক্রমসমূহের কার্যকর ও ক্লাস্টার প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন এবং নির্বাহী পরিষদের সদস্য ও উপকমিটিসমূহকে দিকনির্দেশনা প্রদান করবেন। তাঁদের দায়িত্বের ক্ষেত্রসমূহের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:

i) জেক্সকা স্বাস্থ্যসেবা কার্যক্রম (যেমন: ফ্রি-ফ্রাইডে ক্লিনিক ও টিকাদান কেন্দ্র),

ii) সমাজকল্যাণ, দুর্যোগ ব্যবস্থাপনা, ক্রীড়া, শিক্ষা ও সংস্কৃতি,

iii) উপদেষ্টা পরিষদ ও আঞ্চলিক কমিটিসমূহের সঙ্গে সমন্বয়,

iv) পরিকল্পনা ও ক্রয়, সম্পদ ব্যবস্থাপনা, অর্থ ও অভ্যন্তরীণ নিরীক্ষা,

v) জেক্সকা অ্যাপ ব্যবস্থাপনা, প্রকাশনা ও যোগাযোগ (মুদ্রিত, ডিজিটাল ও সামাজিক মাধ্যম)।

অনুমোদিত
২৭/০৮/২৫
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**জেনারেল সেক্রেটারি**

(৩) ইসি'র জেনারেল সেক্রেটারি নিম্নলিখিত কার্যাবলি পরিচালনার জন্য দায়ী থাকবেনঃ

(ক) তিনি সংগঠনের কার্যকরী প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।

(খ) নির্বাহী কমিটির অন্যান্য সদস্যদের সঙ্গে নিয়ে সংগঠনের সকল কাজ পরিচালনা করবেন।

(গ) প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্টের অনুপস্থিতিতে নির্বাহী কমিটির সভার সভাপতিত্ব করবেন।

(ঘ) গঠনতন্ত্রের কাঠামোর মধ্যে থেকে জরুরি নির্বাহী কমিটির সভা আহ্বান করার ক্ষমতা রাখবেন।

(ঙ) দীর্ঘ সময়ের জন্য ঢাকার বাইরে থাকার প্রয়োজন হলে, প্রেসিডেন্টের অনুমোদন সাপেক্ষে তিনি যেকোনো সেক্রেটারিকে জেনারেল সেক্রেটারির দায়িত্ব দিতে পারবেন।

(চ) পদত্যাগ করতে চাইলে, তিনি প্রেসিডেন্টের নিকট পদত্যাগপত্র পেশ করতে পারবেন যা প্রেসিডেন্টের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

(ছ) যদি কোনো কারণে নির্বাহী কমিটির কোনো পদ শূন্য হয়, তবে জেনারেল সেক্রেটারি প্রেসিডেন্টকে এ বিষয়ে অবহিত করবেন। এ ক্ষেত্রে, পরবর্তী নির্বাচনের পূর্বে ওই পদ পূরণের জন্য প্রেসিডেন্ট নির্বাহী কমিটির মনোনীত সদস্যদের মধ্যে থেকে একজনকে মনোনয়ন দেবেন এবং উক্ত মনোনয়ন জেক্সকার নির্বাচিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে। একইভাবে, প্রেসিডেন্ট জেক্সকার যেকোনো সদস্যকে নির্বাহী কমিটির মনোনীত সাধারণ সদস্য হিসাবে মনোনয়ন দিতে পারবেন এবং উক্ত মনোনয়ন জেক্সকার নির্বাচিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

(জ) তিনি সমস্ত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রোসিডিউর (SOPs) এবং উপ-বিধির (By-laws) অভিভাবক হবেন এবং যথাসাধ্য সংস্থার SOPs, উপ-বিধি ও গঠনতন্ত্র সংরক্ষণ ও রক্ষা করবেন।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**ট্রেজারার**

(৪) ইসি'র ট্রেজারার নিম্নলিখিত কার্যাবলি পরিচালনার জন্য দায়ী থাকবেনঃ

(ক) তিনি সংস্থার সমস্ত আর্থিক হিসাব দেখাশোনা ও রক্ষণাবেক্ষণ করবেন।

(খ) তিনি জেনারেল সেক্রেটারি ও প্রেসিডেন্ট সঙ্গে মিলিতভাবে ঢাকায় যেকোনো বাণিজ্যিক ব্যাংকে প্রয়োজনীয় সংখ্যক যৌথ হিসাব পরিচালনা করবেন।

(গ) তিনি সকল লেনদেনের হিসাব ও হিসাবের স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণাদি সংরক্ষন করবেন।

(ঘ) জেনারেল সেক্রেটারির অনুপস্থিত থাকলে, তিনি নির্বাহী কমিটির (EC) প্রস্তাবিত ও সাধারণ সভায় (AGM) অনুমোদিত পরিচালনার জন্য বরাদ্দকৃত অর্থের অংশ শুধুমাত্র দৈনন্দিন ব্যয়ভার বহনের জন্য ব্যবহার করতে পারবেন। দৈনন্দিন ব্যয়ভার বহনের বাইরে অন্য কোনো কাজে বরাদ্দকৃত অর্থ ব্যবহার করা যাবে না।

(ঙ) তিনি প্রতিটি ইসির সভায় সকল লেনদেনের হিসাব ইসির সামনে প্রয়োজনীয় ব্যাখ্যাসহ উপস্থাপন করবেন এবং ইসি কর্তৃক অনুমোদিত হিসাব জেক্সকার বিভিন্ন ডিজিটাল প্লাটফর্মে প্রকাশ করবেন।

(চ) যে সকল সদস্যের ফি বকেয়া রয়েছে, তিনি তা সংশ্লিষ্ট সদস্যকে নিয়মিত জেক্সকা অ্যাপের মাধ্যমে অবহিত করবেন।

(ছ) যদি কোনো প্রাক্তন ক্যাডেট সদস্যপদ হারান (অনুচ্ছেদ ৭(৬) অনুযায়ী), তিনি উক্ত সদস্যকে জেক্সকা অ্যাপের মাধ্যমে অবহিত করবেন। সদস্যদের বকেয়া ফি জেক্সকা অ্যাপে নিয়মিত আপডেট রাখবেন।

(জ) পদত্যাগ করতে চাইলে, তিনি প্রেসিডেন্ট কর্তৃক এক মাস পূর্ব নোটিশসহ পদত্যাগপত্র পেশ করবেন। এই ক্ষেত্রে, তিনি ইসির নিকট হিসাব উপস্থাপন করে অনাপত্তি পত্র সংগ্রহ করবেন, যা পদত্যাগপত্রের সঙ্গে সভাপতির কাছে জমা দিতে হবে। পদত্যাগপত্র প্রেসিডেন্টের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**অন্যান্য সেক্রেটারি ও মনোনীত সদস্যের কার্যাবলি**

(৫) এই গঠনতন্ত্রে উল্লেখিত ক্ষমতা ও কার্যাবলির পাশাপাশি নির্বাহী কমিটির অন্যান্য সদস্যের ক্ষমতা এবং কার্যাবলি এই গঠনতন্ত্রের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হবে।

**উপদেষ্টা পরিষদ**

১২. (১) জেক্সকা'র একটি উপদেষ্টা পরিষদ থাকবে, যা এই সংগঠনের পরামর্শক এবং বিরোধ নিষ্পত্তির সর্বোচ্চ কর্তৃপক্ষ হিসেবে কাজ করবে।

**উপদেষ্টা পরিষদের গঠন**

(২) (ক) উপদেষ্টা পরিষদ গঠিত হবে জেক্সকা'র নির্বাহী কমিটির সকল প্রাক্তন প্রেসিডেন্টের সমন্বয়ে। এছাড়াও, উপদেষ্টা পরিষদে সর্বাধিক ০৩ (তিন) জন সাধারণ বা আজীবন সদস্যদের মধ্য থেকে সহ-নিযুক্ত (co-opt) সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে তবে এভাবে অন্তর্ভুক্তির মাধ্যমে পরিষদের সদস্য সংখ্যা অবশ্যই বিজোড় (odd) রাখতে হবে। এই সহ-নিযুক্ত সদস্যগণ নির্বাহী কমিটির সুপারিশে নিযুক্ত হবেন।

(খ) উপদেষ্টা পরিষদের সভাপতি হবেন ক্যাডেট নম্বরের ভিত্তিতে জ্যেষ্ঠতম প্রাক্তন প্রেসিডেন্ট। উপদেষ্টা পরিষদের সভাপতি হওয়ার যোগ্যতা ১৪ (৩) ক এ বর্ণিত ইসির প্রেসিডেন্ট হওয়ার শর্ত সমূহ দ্বারা নির্ধারিত হবে। ইসি'র বর্তমান প্রেসিডেন্ট উপদেষ্টা পরিষদের সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন এবং পরিষদের প্রশাসনিক ও সাচিবিক কার্যক্রমে সহায়তা করবেন, তবে তাঁর উপদেষ্টা পরিষদের নীতিগত সিদ্ধান্তে ভোটাধিকার থাকবে না।

**উপদেষ্টা পরিষদের মেয়াদকাল**

(৩)(ক) জেক্সকা'র নির্বাহী কমিটির সকল প্রাক্তন প্রেসিডেন্ট আজীবনের জন্য উপদেষ্টা পরিষদের সদস্য হতে পারবেন। নির্বাহী কমিটির বর্তমান প্রেসিডেন্ট দায়িত্ব পালন শেষে উপদেষ্টা পরিষদের সদস্য হতে পারবেন।

(খ) উপদেষ্টা পরিষদের সহ-নিযুক্ত (co-opt) সদস্যবৃন্দ পরবর্তী নির্বাহী কমিটির দায়িত্ব গ্রহণ পর্যন্ত স্বপদে বহাল থাকবেন। তবে নির্বাহী কমিটির অকাল পদত্যাগ বা বিলুপ্তিতে উপদেষ্টা পরিষদের সহ-নিযুক্ত সদস্যদের কার্যকালের অবসান ঘটবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**উপদেষ্টা পরিষদের ক্ষমতা ও কার্যাবলি**

(৪)(ক) উপদেষ্টা পরিষদের কাছ থেকে ইসি পরামর্শ চাইতে পারে, যা উপদেষ্টা পরিষদ যুক্তিসঙ্গত সময়ের মধ্যে প্রদান করবে। উপদেষ্টা পরিষদের কাছ থেকে এই ধরনের পরামর্শ সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্তের ভিত্তিতে নেওয়া হবে, যা কমপক্ষে এক তৃতীয়াংশ (১/৩) সদস্যের সশরীরে বা ভার্চুয়াল উপস্থিতিতে গৃহীত হতে হবে।

(খ) উপদেষ্টা পরিষদ জেক্সকা'র অভ্যন্তরীণ যে কোনো বিরোধ, মতপার্থক্য বা দ্বন্দ্বের ক্ষেত্রে চূড়ান্ত নিষ্পত্তিকারী কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবেন। বিরোধ নিষ্পত্তির উদ্দেশ্যে, উপদেষ্টা পরিষদ প্রয়োজনে মধ্যস্থতা (mediation) বা সালিশি (arbitration) প্রক্রিয়া গ্রহণ করতে পারে। এ ক্ষেত্রে পরিষদ নিজস্ব সদস্যদের মধ্য থেকে একজন মধ্যস্থতাকারী বা সালিসকারী নিযুক্ত করতে পারে। যদি কোনো নির্দিষ্ট বিরোধ নিষ্পত্তির জন্য বিশেষ কারিগরি বা পেশাগত দক্ষতা প্রয়োজন হয়, তবে উপদেষ্টা পরিষদ জেক্সকা'র ভেতর বা বাইরে থেকে যোগ্য মধ্যস্থতাকারী বা সালিসকারী মনোনীত করতে পারবে।

(গ) যদি ইসি'র কোনো সিদ্ধান্ত এই গঠনতন্ত্রের কোনো বিধানের সাথে সাংঘর্ষিক বলে প্রতীয়মান হয়, তবে উপদেষ্টা পরিষদ স্বপ্রণোদিতভাবে উক্ত সিদ্ধান্ত পর্যালোচনার ক্ষমতা সংরক্ষণ করবে। প্রয়োজনে, উপদেষ্টা পরিষদ ঐ সিদ্ধান্তের কার্যকারিতা অস্থায়ীভাবে স্থগিত রাখতে পারবে যতক্ষণ না সাধারণ পরিষদ বিষয়টি চূড়ান্তভাবে সিদ্ধান্ত গ্রহণ করে। এই সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া অবশ্যই স্থগিতকরণের ৯০ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে এবং সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্তের ভিত্তিতে নেওয়া হবে, যা কমপক্ষে এক তৃতীয়াংশ (১/৩) সদস্যের সশরীরে বা ভার্চুয়াল উপস্থিতিতে গৃহীত হতে হবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

(ঘ) উপদেষ্টা পরিষদ ইসি কর্তৃক গৃহীত কোনো সিদ্ধান্তে সংক্ষুব্ধ ইসি সদস্যের দাখিলকৃত আপিল গ্রহণ ও পর্যালোচনা করতে পারবে এবং যথাযথ বিবেচনার পর সংশ্লিষ্ট বিষয়ে ইসি-কে সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য পরামর্শ প্রদান করতে পারবে।

**আঞ্চলিক কমিটিসমূহ** **১৩.** (১) জেক্সকা'র এক বা একাধিক আঞ্চলিক কমিটি (Regional Committee - RC) থাকতে পারে, এবং প্রয়োজন অনুযায়ী এসব কমিটি নিজ নিজ আঞ্চলিক অফিসে কার্যক্রম পরিচালনা করবে।

এই আঞ্চলিক কমিটিগুলি সাধারণ পরিষদের অনুমোদনক্রমে গঠিত হবে এবং তাদের কার্যক্রম অবশ্যই এই গঠনতন্ত্রের বিধান ও এর অধীনে প্রণীত বিধিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। তবে দেশের প্রতি বিভাগে বা বহিঃবিশ্বে প্রতি দেশে বা মহাদেশে একের অধিক শাখা খোলা যাবে না এবং আঞ্চলিক কমিটি দেশের অন্য বিভাগ বা অন্য দেশে/মহাদেশে তাদের নিজস্ব শাখা খুলতে পারবে না।

**আঞ্চলিক কমিটির গঠন**

(২) আঞ্চলিক কমিটিগুলি নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠিত হতে পারে:

| | |
|---|---|
| (ক) চেয়ারম্যান | ০১ |
| (খ) ভাইস চেয়ারম্যান | ০২ |
| (গ) চিফ কোঅর্ডিনেটর | ০১ |
| (ঘ) ফিন্যান্সিয়াল কোঅর্ডিনেটর | ০১ |
| (ঙ) অর্গানাইজিং কোঅর্ডিনেটর | ০১ |
| (চ) সদস্য | প্রয়োজন অনুযায়ী |

**আঞ্চলিক কমিটির মেয়াদকাল**

(৩) প্রতিটি আঞ্চলিক কমিটি নির্বাচনের মাধ্যমে নিযুক্ত হবে এবং তাদের মেয়াদকাল অনধিক ০২ (দুই) বছরের জন্য নির্ধারিত হবে।

**আঞ্চলিক কমিটির কার্যাবলি**

(৪) আঞ্চলিক কমিটিগুলি অনুচ্ছেদ ৬-এ বর্ণিত সংগঠনের সনদ বাস্তবায়নের জন্য কাজ করতে পারে।

অনুমোদিত
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**ইনটেক রিপ্রেজেন্টেটিভ** ১৪. (১) নির্বাহী কমিটি তার কার্যকালের প্রথম আনুষ্ঠানিক সভায় প্রত্যেক উত্তীর্ণ ইনটেক থেকে মনোনীত দুই (২) জন প্রতিনিধিকে ইনটেক রিপ্রেজেন্টেটিভ হিসাবে অনুমোদন দেবে, যাঁদেরকে ইনটেক প্রতিনিধি (Intake Representative – IR) বলা হবে।

(২) ইনটেক প্রতিনিধির দায়িত্ব হবে তাঁদের নিজ নিজ ইনটেককে সংগঠিত করা, নির্বাহী কমিটি ও সংশ্লিষ্ট ইনটেকের মধ্যে যোগাযোগের সেতুবন্ধন রচনা করা, এবং তাঁদের ইনটেকের পক্ষে এন্ডোমেন্ট ফান্ডের অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করা।

## চতুর্থ অংশঃ নির্বাচন

**নির্বাহী কমিটির নির্বাচন** ১৫. (১) সংগঠনের নির্বাহী কমিটি একটি নির্বাচনের মাধ্যমে নিযুক্ত করা হবে যেখানে জেক্সকা'র প্রতিটি সাধারণ এবং আজীবন সদস্য প্রতিটি পদের জন্য অনুচ্ছেদ ৭ (৪) অনুযায়ী একটি করে ভোট দেওয়ার অধিকারী হবেন। এই নির্বাচন বর্তমান নির্বাহী কমিটির মেয়াদকাল শেষ হওয়ার কমপক্ষে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে অনুষ্ঠিত হবে।

**ভোটদানের অতিরিক্ত ব্যবস্থা** (২) সশরীরে ভোটদানের পাশাপাশি, প্রয়োজনীয় সরবরাহের প্রাপ্যতা সাপেক্ষে, অন্যান্য ভোটদান পদ্ধতি যেমন ই-ভোটিং, আই-ভোটিং, ডিজিটাল ভোটদান, অনলাইন ভোটদান, পোস্টাল ভোটদান এবং বার্ষিক সাধারণ সভাস্থল ব্যতীত অতিরিক্ত বুথে ভোটদানও নির্বাচন প্রক্রিয়ার অংশ হতে পারে।

**প্রার্থীতার যোগ্যতা** (৩) (ক) প্রেসিডেন্টঃ

(i) আইন দ্বারা বারিত না হয়ে থাকলে, এই সংগঠনের একজন সাধারণ বা আজীবন সদস্য, যিনি অনুচ্ছেদ ৭ (৪) এর অধীনে ভোট দেওয়ার যোগ্য, তিনি ইসির সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য হবেন।

(ii) জেক্সকার একজন সাধারণ বা আজীবন সদস্য, যিনি জেক্সকার

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

সদস্য হিসাবে ন্যূনতম বিশ (২০) ক্যালেন্ডার বছর অতিবাহিত করেছেন।

(iii) প্রার্থীকে ঝিনাইদহ ক্যাডেট কলেজে অন্তত চার (৪)টি একাডেমিক বছর অধ্যয়ন করতে হবে অথবা উক্ত কলেজ থেকে অন্তত একটি বোর্ড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(iv) প্রেসিডেন্টকে তাঁর পদাধিকারকালীন সময়ে প্রতি বছরে অন্তত নয় (০৯) মাস ঢাকা মহানগর ও পার্শ্ববর্তী এলাকায় বসাবসরত থাকতে হবে।

(v) উপদেষ্টা পরিষদের কোনো সদস্য দায়িত্বে থাকা অবস্থায় নির্বাহী কমিটির কোনো পদের জন্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

(খ) ভাইস প্রেসিডেন্টঃ

(i) আইন দ্বারা বারিত না হয়ে থাকলে, এই সংগঠনের একজন সাধারণ বা আজীবন সদস্য, যিনি অনুচ্ছেদ ৭ (৪) এর অধীনে ভোট দেওয়ার যোগ্য, তিনি ইসির ভাইস প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য হবেন।

(ii) জেক্সকার একজন সাধারণ বা আজীবন সদস্য, যিনি জেক্সকার সদস্য হিসাবে ন্যূনতম পনের (১২) ক্যালেন্ডার বছর অতিবাহিত করেছেন।

(iii) প্রার্থীকে ঝিনাইদহ ক্যাডেট কলেজে অন্তত চার (৪)টি একাডেমিক বছর অধ্যয়ন করতে হবে অথবা উক্ত কলেজ থেকে অন্তত একটি বোর্ড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(গ) জেনারেল সেক্রেটারিঃ

(i) আইন দ্বারা বারিত না হয়ে থাকলে, এই সংগঠনের একজন সাধারণ বা আজীবন সদস্য, যিনি অনুচ্ছেদ ৭ (৪) এর অধীনে ভোট দেওয়ার যোগ্য, তিনি ইসির জেনারেল সেক্রেটারি পদে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য হবেন।

(ii) জেক্সকার একজন সাধারণ বা আজীবন সদস্য, যিনি জেক্সকার সদস্য হিসাবে ন্যূনতম বার (১২) ক্যালেন্ডার বছর অতিবাহিত করেছেন।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

(iii) প্রার্থীকে ঝিনাইদহ ক্যাডেট কলেজে অন্তত চার (৪)টি একাডেমিক বছর অধ্যয়ন করতে হবে অথবা উক্ত কলেজ থেকে অন্তত একটি বোর্ড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(iv) জেনারেল সেক্রেটারিকে তাঁর পদাধিকারকালীন সময়ে প্রতি বছরে অন্তত নয় (৯) মাস ঢাকা মহানগর ও পার্শ্ববর্তী এলাকায় বসাবসরত থাকতে হবে।

(ঘ) ট্রেজারারঃ

(i) আইন দ্বারা বারিত না হয়ে থাকলে, এই সংগঠনের একজন সাধারণ বা আজীবন সদস্য, যিনি অনুচ্ছেদ ৭ (৪) এর অধীনে ভোট দেওয়ার যোগ্য, তিনি ইসির সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য হবেন।

(ii) জেক্সকার একজন সাধারণ বা আজীবন সদস্য, যিনি জেক্সকার সদস্য হিসাবে ন্যূনতম দশ (১০) ক্যালেন্ডার বছর অতিবাহিত করেছেন।

(iii) প্রার্থীকে ঝিনাইদহ ক্যাডেট কলেজে অন্তত চার (৪)টি একাডেমিক বছর অধ্যয়ন করতে হবে অথবা উক্ত কলেজ থেকে অন্তত একটি বোর্ড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(iv) ট্রেজারারকে তাঁর পদাধিকারকালীন সময়ে প্রতি বছরে অন্তত নয় (৯) মাস ঢাকা মহানগর ও পার্শ্ববর্তী এলাকায় বসাবসরত থাকতে হবে।

**নির্বাচন কমিশন নিয়োগ**

১৬. (১) ইসি'র নির্বাচন পরিচালনার জন্য উপদেষ্টা পরিষদের সাথে পরামর্শক্রমে ইসি একজন প্রধান নির্বাচন কমিশনার (CEC), কমপক্ষে দুইজন এবং সর্বোচ্চ চারজন নির্বাচন কমিশনারের (CE) সমন্বয়ে একটি নির্বাচন কমিশন নিয়োগ করবেন। বর্তমান ইসি'র মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ৯০ (নব্বই) দিন আগে নির্বাচন কমিশন নিয়োগ করা হবে। প্রধান নির্বাচন কমিশনার (CCE) নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে ইসি নির্বাচনের তফসিল ঘোষণা করবেন।

**নির্বাচন কমিশন সদস্যদের যোগ্যতা**

(২) আইন দ্বারা বারিত না হয়ে থাকলে, এই সংগঠনের একজন সাধারণ বা আজীবন সদস্য, যিনি অনুচ্ছেদ ৭ (৪) এর অধীনে ভোট দেওয়ার যোগ্য, তিনি নির্বাচন কমিশনের সদস্য হওয়ার যোগ্য হবেন। নির্বাচন কমিশনের কোনও সদস্য বর্তমান ইসি বা উপদেষ্টা পরিষদের সদস্য হতে পারবেন না।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**নির্বাচন কমিশনের ক্ষমতা ও কার্যাবলি**

(৩) নির্বাচন কমিশনের ক্ষমতা ও কার্যাবলি এই গঠনতন্ত্রের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হবে।

(৪) নির্বাচন কমিশন উপদেষ্টা পরিষদের পরামর্শ চাইতে পারবে।

(৫) নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠিত হওয়ার সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে নবনির্বাচিত নির্বাহী কমিটির কাছে দায়িত্ব হস্তান্তরের ব্যবস্থা করবে।

**নির্বাচন-সম্পর্কিত বিরোধ নিষ্পত্তি**

(৬) যদি ইসি নির্বাচনের সাথে সম্পর্কিত কোনো বিরোধ উদ্ভূত হয়, এবং যদি অন্য কোনো ভাবে তা নিষ্পত্তি না হয় তবে সেই বিরোধের বিষয়টি শুনানির জন্য উপদেষ্টা পরিষদের কাছে প্রেরণ করা হবে।

উপদেষ্টা পরিষদ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত ও বাধ্যতামূলক বলে গণ্য হবে, এবং সংশ্লিষ্ট সকল পক্ষ তা মেনে চলতে বাধ্য থাকবে।

## পঞ্চম অংশ: আর্থিক ব্যবস্থা

**আর্থিক কার্যক্রমে নির্বাহী কমিটির দায়িত্ব**

১৭. সংগঠনের যাবতীয় সম্পদ ব্যবস্থাপনা, নিয়মিত তহবিল ও স্থায়ী তহবিল রক্ষণাবেক্ষণ, আয় ও ব্যয়ের হিসাব সহ সকল আর্থিক কার্যক্রম নির্বাহী কমিটির উপর ন্যস্ত থাকবে। ইসি'র প্রেসিডেন্ট, জেনারেল সেক্রেটারি এবং ট্রেজারার বিধি অনুসারে, সংগঠনের আর্থিক কার্যক্রম সম্পাদন এবং ব্যাংক অ্যাকাউন্ট পরিচালনার জন্য যৌথভাবে এবং পৃথকভাবে দায়ী থাকবেন।

**ব্যাংক হিসাব ব্যবস্থাপনা**

১৮. সংগঠনের নামে এক বা একাধিক ব্যাংক অ্যাকাউন্ট থাকবে, যা বাংলাদেশের যে কোনো তফসিলি বাণিজ্যিক ব্যাংকে করা যাবে। এই ব্যাংক অ্যাকাউন্টগুলি যৌথ-অ্যাকাউন্ট (joint account) হিসেবে সংগঠনের নিম্নলিখিত যে কোনো দুইজন কর্মকর্তা দ্বারা পরিচালিত হবে:

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

| সংগঠনের জন্য | সংগঠনের আঞ্চলিক কমিটির জন্য |
|---|---|
| i. প্রেসিডেন্ট | ১. চেয়ারম্যান |
| ii. জেনারেল সেক্রেটারি | ২. চিফ কোঅর্ডিনেটর |
| iii. ট্রেজারার | ৩. ফিন্যান্সিয়াল কোঅর্ডিনেটর |

**নিরীক্ষা ও অনুবর্তিতা**

**১৯.** ইসি সংগঠনের বার্ষিক বহির্নিরীক্ষা পরিচালনার ব্যবস্থা করবে, যার মধ্যে প্রযোজ্য আঞ্চলিক অফিস সমূহের হিসাব অন্তর্ভুক্ত থাকবে। এই ধরনের নিরীক্ষা দেশের বিদ্যমান আইন মেনে পরিচালিত হবে। বার্ষিক সাধারণ সভায় পরবর্তী বছরের নিরীক্ষার জন্য বহির্নিরীক্ষক নিযুক্ত করা হবে।

**বার্ষিক বাজেট**

**২০.** ইসি সাধারণ সভায় চলতি/পরবর্তী অর্থবছরের জন্য জেক্সকা'র বার্ষিক বাজেট প্রস্তুত করবে এবং সাধারণ পরিষদে অনুমোদনের জন্য উপস্থাপন করবে।

**বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন প্রকাশ**

**২১.** ইসি বার্ষিক সাধারণ সভায় (এজিএম) পূর্ববর্তী অর্থবছরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন সংগঠনের সদস্যদের নিকট উপস্থাপন করবে। বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন নূন্যতম ২১ (একুশ) দিন পূর্বে ডাক, ইমেইল বা অন্য যে কোন উপায়ে সদস্যদের কাছে পাঠাতে হবে।

**নিয়মিত তহবিলের ব্যবস্থাপনা**

**২২.** (১) যে কোনো ধরনের ব্যয় সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সম্পাদক এবং/অথবা নির্বাহী কমিটির সদস্যের প্রস্তাবের ভিত্তিতে জেনারেল সেক্রেটারি-এর লিখিত সুপারিশ ও নির্বাহী কমিটির (EC) পূর্বানুমোদন আবশ্যক।

(২) জরুরি পরিস্থিতিতে, যেখানে পরবর্তী নির্বাহী কমিটির সভা পর্যন্ত অপেক্ষা করা সম্ভব নয়, সেখানে জেনারেল সেক্রেটারি নিজ উদ্যোগে সর্বোচ্চ সেই পরিমাণ অর্থ ব্যয় করতে পারবেন, যা বার্ষিক সাধারণ সভা (AGM) কর্তৃক অনুমোদিত এবং আর্থিক এসওপি (Finance SOP)-এ

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

নির্ধারিত আছে। তবে, সিনিয়রতম ভাইস প্রেসিডেন্টের পূর্বানুমোদন সাপেক্ষে তিনি সর্বোচ্চ ঐ পরিমাণের দ্বিগুণ অর্থ একবারের জন্য ব্যয় করতে পারবেন। সিনিয়রতম ভাইস প্রেসিডেন্ট একটা ইভেন্টের ক্ষেত্রে একবারই এরকম অনুমোদন দিতে পারবেন।

(৩) উল্লিখিত সকল জরুরি ব্যয় নির্বাহী কমিটির পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।

(৪) এই অধ্যায়ের আওতায় অনুমোদিত সকল আর্থিক লেনদেন জেক্সকার অনুমোদিত ডিজিটাল ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট সিস্টেমে নিবন্ধিত ও সংরক্ষিত থাকবে, যা ট্রেজারার তত্ত্বাবধানে পরিচালিত হবে। জেনারেল সেক্রেটারি এবং ট্রেজারার যৌথভাবে দায়বদ্ধ থাকবেন যেন সমস্ত আর্থিক রেকর্ড পূর্ণাঙ্গ, হালনাগাদ এবং নির্বাহী কমিটি ও বহিঃনিরীক্ষকের (External Auditor) কাছে অধিগম্য থাকে।

(৫) নিয়মিত তহবিল ব্যবস্থাপনার বিধানাবলি এই গঠনতন্ত্রের অধীনের প্রণীত বিধি দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হবে।

**স্থায়ী তহবিল (ENDOWMENT FUND)**

২৩. (১) জেক্সকার নিয়মিত অফিস ব্যয়, ত্রৈমাসিক নিউজলেটার প্রকাশ এবং জেক্সকা হেলথ সার্ভিসের প্রশাসনিক ব্যয় নির্বাহের উদ্দেশ্যে একটি বিশেষ তহবিল গঠন করা হবে।

(২) এই তহবিলের নাম হবে "স্থায়ী তহবিল" (Endowment Fund)। উক্ত তহবিল মূলত ফিক্সড ডিপোজিট, সরকারি বন্ড, বা অন্য কোনো নিরাপদ ও নিয়মিত আয়-উৎপাদনকারী প্রকল্পে বিনিয়োগ করা হবে।

(৩) নির্বাহী কমিটির এই স্থায়ী তহবিলের মূল অর্থ ব্যয় করার অধিকার থাকবে না

(৪) তবে অধিক লাভজনক বিনিয়োগের সুযোগ পাওয়া গেলে, নির্বাহী কমিটি (EC) বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা সাপেক্ষে একটি

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

আনুষ্ঠানিক প্রস্তাব প্রণয়ন করবে। প্রস্তাবটি তিন-চতুর্থাংশের (৩/৪) সংখ্যাগরিষ্ঠতায় উপদেষ্টা পরিষদে (Advisory Council) অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। উপদেষ্টা পরিষদের অনুমোদন প্রাপ্ত হলে, নির্বাহী কমিটি একটি সাধারণ সভা আহ্বান করবে যেখানে সাধারণ সভার সংখ্যাগরিষ্ঠতায় প্রস্তাবটি অনুমোদিত হতে হবে। প্রস্তাবের বিস্তারিত তথ্য সদস্যদের নিকট কমপক্ষে দুই সপ্তাহ পূর্বে প্রেরণ করতে হবে। উক্ত সভার কোরাম পূরণে মোট ইনটেক সংখ্যার অন্তত দুই তৃতীয়াংশ ইনটেকের প্রতিনিধিত্ব থাকতে হবে।

(৫) নির্বাহী কমিটি এই তহবিল থেকে উৎপাদিত সুদ বা লাভ শুধুমাত্র উপরে বর্ণিত উদ্দেশ্য পূরণের জন্য ব্যবহার করতে পারবে।

(৬) অন্যান্য স্থায়ী তহবিল (যেমন শিক্ষাবৃত্তি তহবিল, তথ্যপ্রযুক্তি তহবিল, কল্যাণ তহবিল ইত্যাদি) ব্যবস্থাপনার বিধানাবলি এই গঠনতন্ত্রের অধীনের প্রণীত বিধি দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হবে।

**সম্পদ ও সম্পত্তি ব্যবস্থাপনা**

২৪. (১) সংগঠনের সমস্ত স্থাবর ও অস্থাবর সম্পত্তি জেক্সকার নামে নিবন্ধিত থাকবে। নির্বাহী কমিটি সংশ্লিষ্ট সকল সম্পত্তির কাগজপত্র হালনাগাদ রাখবে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল প্রযোজ্য কর ও রাজস্ব যথাসময়ে পরিশোধ করবে।

(২) সম্পদ ও সম্পত্তি-সংক্রান্ত সকল কাগজপত্র জেনারেল সেক্রেটারির হেফাজতে থাকবে। জেক্সকার কোনো স্থাবর সম্পত্তির বিষয়ে কোনো প্রকার সিদ্ধান্তের (ক্রয়, বিক্রয়, বন্ধক, দান, ইজারা ইত্যাদি) জন্য নির্বাহী কমিটির মোট সদস্যের ন্যূনতম দুই তৃতীয়াংশের সম্মতিতে এবং উপদেষ্টা পরিষদের লিখিত সম্মতিক্রমে সাধারণ পরিষদের অনুমোদনের জন্য প্রস্তাব উত্থাপন করতে হবে। সাধারণ সভার উপস্থিত সদস্যবৃন্দের দুই তৃতীয়াংশের সংখ্যাগরিষ্ঠতায় প্রস্তাবটি অনুমোদিত হতে হবে।

(৩) স্থাবর সম্পত্তি ও অন্যান্য সম্পদ ব্যবস্থাপনার আনুষঙ্গিক বিধানাবলি বিধি দ্বারা নির্ধারিত হবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**ট্রেজারারের আর্থিক দায়বদ্ধতা**

২৫. (১) ট্রেজারার জেক্সকার সঠিক, স্বচ্ছ ও হালনাগাদ আর্থিক রেকর্ড সংরক্ষণের জন্য দায়বদ্ধ থাকবেন।

(২) সকল আর্থিক লেনদেন — আয়, ব্যয়, হস্তান্তর বা সমন্বয় — ঘটনার ৭ (সাত) ক্যালেন্ডার দিনের মধ্যে অনুমোদিত ডিজিটাল ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট সিস্টেমে নিবন্ধন করতে হবে।

(৩) ট্রেজারার একটি ডিজিটাল লেজার সংরক্ষণ করবেন এবং সকল লেনদেন অনুমোদিত বাজেট শিরোনাম অনুযায়ী শ্রেণিবদ্ধ করবেন।

(৪) ট্রেজারার প্রতি মাসে আর্থিক সারসংক্ষেপ এবং প্রতি ত্রৈমাসিকে আর্থিক প্রতিবেদন প্রস্তুত করবেন, যা সাধারণ সম্পাদক (GS)-এর পর্যালোচনার পর পরবর্তী নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবেন।

(৫) জেক্সকার প্রতিটি আয়োজিত অনুষ্ঠান (যেমন পুনর্মিলনী, ইফতার, দান, টুর্নামেন্ট, পিকনিক, ইজিএম, এজিএম, ইওজিএম ইত্যাদি)-এর আয় ও ব্যয়ের বিস্তারিত প্রতিবেদন অনুষ্ঠান শেষে ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রস্তুত করতে হবে, যা সাধারণ সম্পাদক ও সভাপতির স্বাক্ষরিত হয়ে জেক্সকার অফিসিয়াল মাধ্যম (ওয়েবসাইট, নিউজলেটার বা বিজ্ঞপ্তি) এর মাধ্যমে প্রকাশ করা হবে।

(৬) ট্রেজারার প্রতি মাসে ব্যাংক হিসাব ও ডিজিটাল লেজারের মিল (Reconciliation) সম্পন্ন করবেন।

(৭) ট্রেজারার সাধারণ সম্পাদক (GS) এবং/অথবা সভাপতির সাথে যৌথভাবে সকল চেক, অর্থ হস্তান্তর ও অর্থ প্রদান অনুমোদনে স্বাক্ষর করবেন, যা বিধি অনুযায়ী সম্পন্ন হবে।

(৮) ট্রেজারার সকল আর্থিক কাগজপত্র, ভাউচার, রসিদ, ও ব্যাংক সম্পর্কিত নথি শারীরিক ও ডিজিটাল উভয় মাধ্যমে সংরক্ষণ করবেন।

(৯) ট্রেজারার নিরীক্ষকের (Auditor) সাথে সম্পূর্ণ সহযোগিতা করবেন এবং প্রয়োজনীয় সকল তথ্য ও নথিপত্র সরবরাহ করবেন।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস অ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

(১০) ট্রেজারার প্রতি বছর বার্ষিক সাধারণ সভায় (AGM) একটি বার্ষিক আর্থিক প্রতিবেদন উপস্থাপন করবেন, যেখানে আয়, ব্যয়, ব্যাংক ব্যালান্স, অনুষ্ঠানভিত্তিক হিসাব ও স্থায়ী তহবিলের অবস্থা সংক্ষেপে তুলে ধরা হবে।

(১১) মেয়াদ শেষে ট্রেজারার জেনারেল সেক্রেটারির তত্ত্বাবধানে নতুন ট্রেজারারের নিকট সকল আর্থিক নথি, ডিজিটাল প্রবেশাধিকার ও ব্যাংক সম্পর্কিত তথ্য হস্তান্তর করবেন।

## ষষ্ঠ অংশঃ সভা

**সাধারণ সভা**

২৬. (১) সংগঠনের সকল সাধারণ সদস্য এবং আজীবন সদস্যের অংশগ্রহণে তিন ধরণের সাধারণ সভা অনুষ্ঠিত হতে পারে, যেমন –

(ক) বার্ষিক সাধারণ সভা (এজিএম)

(খ) বিশেষ সাধারণ সভা (ইওজিএম)

(গ) জরুরি সাধারণ সভা (ইজিএম)

**বার্ষিক সাধারণ সভা**

(২) বার্ষিক সাধারণ সভা (এজিএম) বছরে একবার, সংগঠনের অফিস প্রাঙ্গণে অথবা অন্য যে কোন সুবিধাজনক স্থানে অনুষ্ঠিত হবে, এবং কমপক্ষে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে সভা অনুষ্ঠানের নোটিশ সকল সদস্যকে প্রদান করতে হবে। সাধারণ সভাসমূহের কোরাম পূরণে ন্যূনতম ১০০ (একশত) জন উপযুক্ত ( অনুচ্ছেদ ৭ (৪) অনুযায়ী ) সদস্যের উপস্থিতি আবশ্যক, যারা সশরীরে অথবা ভার্চুয়ালি উপস্থিত থাকবেন।

**নির্বাহী কমিটির সভা**

২৭. ইসি তার সদস্যদেরকে কমপক্ষে ০৭ (সাত) দিনের পূর্ব নোটিশ প্রদান করে তার নিয়মিত অফিস প্রাঙ্গণে অথবা যে কোন সুবিধাজনক স্থানে সশরীরে বা ভার্চুয়ালি সভা করবে, যার কোরাম পূরণে ন্যূনতম ১১ (এগারো) জনের উপস্থিতি আবশ্যক হবে।

**অন্যান্য সভা**

২৮. সাধারণ সভা এবং নির্বাহী কমিটির সভা ছাড়াও, সংগঠনের সংশ্লিষ্ট অঙ্গসমূহ নিম্নলিখিত সভাগুলি আয়োজন করতে পারে:

(ক) উপদেষ্টা পরিষদ সভা (এসিএম)

(খ) আঞ্চলিক কমিটি সভা

(গ) ইনটেক প্রতিনিধি সভা

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

**সভা পদ্ধতি** **২৯.** গঠনতন্ত্রের এই অংশে উল্লিখিত সভাসমূহের আলোচ্যসূচি এবং কার্যধারা গঠনতন্ত্রের অধীনে প্রণীত বিধি অনুসারে নির্ধারিত হবে।

## সপ্তম অংশ: গঠনতন্ত্র সংশোধন

**সংশোধন পদ্ধতি** **৩০.** (১) এই গঠনতন্ত্র বা এর কোন বিধান কেবলমাত্র সাধারণ সভার সিদ্ধান্তের ভিত্তিতে সংশোধন করা যাবে। এই ধরনের সংশোধনের জন্য, সংশোধনী প্রস্তাবসমূহ একটি সাধারণ সভায় উত্থাপন করা হবে, এবং সকল সদস্যকে কমপক্ষে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের পূর্ব নোটিশ দিয়ে সে সভা আহ্বান করা হবে।

(২) অনুচ্ছেদ ৭ (৪) এর অধীনে ভোট দেওয়ার যোগ্য যেকোন সাধারণ বা আজীবন সদস্য সংশোধনী প্রস্তাব উত্থাপন করতে পারবে। এমত প্রস্তাব বার্ষিক সাধারণ সভা অথবা বিশেষ সাধারণ সভার কমপক্ষে ২১ (একুশ) দিন পূর্বে ইমেইল বা ডাক যোগে ইসির নিকট জমা দিতে হবে। পরবর্তীতে প্রস্তাবসমূহ ইসি সাধারণ সভার পূর্বে যথাযথ সময়ে সকল সদস্যের নিকট প্রেরণ করবে।

(৩) সভায় উপস্থিত ভোটারের দুই-তৃতীয়াংশ সংশোধনী প্রস্তাবসমূহে সম্মত হলে তা সংশোধনী হিসেবে গৃহীত হবে। সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদনের পর, গঠনতন্ত্রের সংশোধনীসমূহ সম্পর্কে সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

## অষ্টম অংশ: বিবিধ

**বিধি প্রণয়নের ক্ষমতা** **৩১.** (১) এই গঠনতন্ত্রের বিধানাবলি সংহত করার জন্য সাধারণ পরিষদের বিধি প্রণয়নের ক্ষমতা থাকবে। এই বিধিমালা গৃহীত হতে সাধারণ সভায় ভোটদানকারী সদস্যদের দুই-তৃতীয়াংশের সম্মতির প্রয়োজন হবে।

(২) প্রণীত কোন বিধি সংশোধনের জন্যও সাধারণ সভায় উপস্থিত সদস্যদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার প্রয়োজন হবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

Jhenaidah Ex-Cadets Association
an alumni organization of Jhenaidah Cadet College

**প্রাক্তন ক্যাডেটদের পুনর্মিলনী**

৩২. কলেজ প্রাঙ্গণে জেসিসির প্রাক্তন ক্যাডেটদের পুনর্মিলনী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রতি চার বছর অন্তর সুবিধাজনক সময়ে আয়োজন করা হবে। পুনর্মিলনীর আয়োজন এবং ব্যবস্থা ইসি'র উপর ন্যস্ত থাকবে। পুনর্মিলনীর আয়োজনের জন্য ইসি এক বা একাধিক অ্যাডহক কমিটি গঠন করতে পারে এবং এই উদ্দেশ্যে জেক্সকা'র অন্যান্য অঙ্গের সহায়তা নিতে পারবে।

**সংগঠনের বিলুপ্তি**

৩৩. যদি কোন সুনির্দিষ্ট কারনে সংগঠনের চার ভাগের তিন ভাগ (৩/৪) সদস্য সংগঠনের বিলুপ্তি চান তবে সাধারণ পরিষদের সর্বোসম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে ইসি নিবন্ধিকরণ কর্তৃপক্ষ বরাবর আবেদন করবে। তবে এই সংক্রান্ত কোন প্রস্তাব সাধারন পরিষদে উত্থাপনের পূর্বে ইসি মিটিং এ সর্বোসম্মত অনুমোদন সাপেক্ষে উপদেষ্টা পরিষদের লিখিত অনুমতি নিতে হবে।

**দৈব দুর্বিপাক**

৩৪. (১) যদি এমন কোনো পরিস্থিতি উদ্ভূত হয়, যাতে উপদেষ্টা পরিষদের কাছে প্রতীয়মান হয় যে ইসির পক্ষে জেক্সকা'র স্বাভাবিক কার্যক্রম, দায়িত্ব, বা বাধ্যবাধকতা সম্পূর্ণ বা আংশিকভাবে এই গঠনতন্ত্র অনুযায়ী সম্পাদন করা যুক্তিসঙ্গত কারণে অসম্ভব যেমন সৃষ্টিকর্তার ইচ্ছাধীন ঘটনা (উদাহরণঃ প্রাকৃতিক দুর্যোগ, মহামারী, অতিমহামারী ইত্যাদি), যুদ্ধ, গৃহযুদ্ধ, সরকারি নিষেধাজ্ঞা, শ্রমবিরোধ বা অনুরূপ অন্য কোন অপ্রত্যাশিত কারণ, তবে তা দৈব দুর্বিপাক (force majeure) হিসেবে গণ্য হবে।

(২) এই ধরনের পরিস্থিতিতে কার্যক্রম স্থগিত থাকা গঠনতন্ত্রের লঙ্ঘন হিসেবে বিবেচিত হবে না। দৈব দুর্বিপাক বা ফোর্স ম্যাজিউর অবস্থার অবসান ঘটলে ইসি উপদেষ্টা পরিষদের মতামতের ভিত্তিতে যত দ্রুত সম্ভব সংশ্লিষ্ট কার্যক্রম পুনরায় শুরু করবে।

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

(৩) ইসি এ ধরনের পরিস্থিতিতে ঝুঁকির অথবা যে কোন নেতিবাচক প্রভাব কমানোর জন্য যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করবে, এবং ঝুঁকি হ্রাসে গৃহীত পদক্ষেপ ও অবস্থা সম্পর্কে সাধারণ পরিষদকে অবহিত করবে। পরবর্তীতে, নিকটতম ভবিষ্যৎ সাধারণ সভায় ঐ কার্যক্রম সম্পর্কিত ভূতাপেক্ষ অনুমোদন (post-facto approval) গ্রহণ করবে।

**প্রামাণিক পাঠ**

**৩৫.** এই গঠনতন্ত্রের একটি প্রামাণিক পাঠ ইংরেজিতে থাকতে পারে। বাংলা এবং ইংরেজি ভাষার পাঠের মধ্যে বিরোধ উদ্ভূত হলে বাংলা পাঠ প্রাধান্য পাবে।

অনুমোদিত
২৭/৮/১৮
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

গালিব মোহাম্মদ আল-ফাত্তাহ
জেনারেল সেক্রেটারী
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)

বোরহান উদ্দীন খান
প্রেসিডেন্ট
ঝিনাইদহ এক্স-ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা)